গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-২০/২০১৯-২০২০
ঢাকা, ২৪ জুলাই বুধবার ২০১৯, ৯ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। লন্ডনে প্রধানমন্ত্রীর চোখে সফল অস্ত্রোপচার

২। সুযোগসন্ধানীদের অস্থিরতা তৈরির সুযোগ দেয়া যাবে না : জনপ্রশাসন পদক প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি

৩। সরকারি চাকরিজীবীদের সেবকের মানসিকতা নিয়ে কাজ করতে হবে : পাবলিক সার্ভিস দিবসের অনুষ্ঠানে শিল্পমন্ত্রী

৪। ঈদের এক সপ্তাহ আগে সড়ক মেরামতের কাজ শেষ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন সেতুমন্ত্রী

৫। শেখ হাসিনার নির্দেশ-বন্যাকবলিত একজনও যেন ক্ষুধায় কষ্ট না পায় : মানিকগঞ্জে কৃষিমন্ত্রী

৬। গণপিটুনির ঘটনায় কোনো ছাড় নয় : গণমাধ্যমকে স্বরাষ্ট্রমন্ত্রী

৭। যেখানেই অপরাধ হচ্ছে সেখানেই রুখে দেয়ার চেষ্টা হচ্ছে : আইনমন্ত্রী

৮। নিজস্ব অর্থায়নে এসডিজি বাস্তবায়ন করতে হবে : নিউইয়র্ক থেকে ফিরে পরিকল্পনামন্ত্রী

৯। ঈদে ট্রেনের আগাম টিকিট ২৯ জুলাই থেকে : সংবাদসম্মেলনে রেলমন্ত্রী

১০। কৃষকদের ২৪ হাজার কোটি টাকা ঋণ দেবে ব্যাংক : কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ঘোষণা

১১। ঋণখেলাপিদের বিশেষ সুবিধার প্রজ্ঞাপন কেন বেআইনি নয় : হাইকোর্ট

চলমান পাতা-২

১। লন্ডনে প্রধানমন্ত্রীর চোখে সফল অস্ত্রোপচার

যুক্তরাজ্যে সরকারি সফররত প্রধানমন্ত্রী শেখ হাসিনার বাম চোখে লন্ডনের একটি হাসপাতালে গত ২২ জুলাই সোমবার অস্ত্রোপচার করা হয়েছে। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহ্‌সানুল করিম লন্ডন থেকে জানান, অস্ত্রোপচারের পর

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সুস্থ আছেন। তিনি আরো জানান, প্রধানমন্ত্রী লন্ডন থেকে একাধিক গুরুত্বপূর্ণ ফাইলে ডিজিটালি স্বাক্ষর করেছেন। প্রধানমন্ত্রী লন্ডন থেকে দেশের বন্যা পরিস্থিতি সার্বক্ষণিক পর্যবেক্ষণ করছেন এবং এ ব্যাপারে সংশ্লিষ্ট মন্ত্রী ও কর্মকর্তাদের নির্দেশনা দিচ্ছেন বলেও এসময় জানান তিনি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশি দূতদের সম্মেলনে এবং অন্যান্য কর্মসূচিতে যোগ দিতে গত ১৯ জুলাই লন্ডনে যান। প্রধানমন্ত্রী আগামী ৫ আগস্ট দেশে ফিরবেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

২। সুযোগসন্ধানীদের অস্থিরতা তৈরির সুযোগ দেয়া যাবে না : জনপ্রশাসন পদক প্রদান অনুষ্ঠানে রাষ্ট্রপতি

সমাজে অস্থিরতা সৃষ্টি করে সুযোগ সন্ধানীরা যেন ফায়দা লুটতে না পারে, সেদিকে সজাগ দৃষ্টি রাখতে সরকারি কর্মকর্তাদের পরামর্শ দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গতকাল (২৩ জুলাই মঙ্গলবার) ঢাকায় 'জনপ্রশাসন পদক ২০১৯' প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেন রাষ্ট্রপতি। সরকারি অফিসের প্রতি জনগণের আস্থা ফিরিয়ে আনার তাগিদ দিয়ে রাষ্ট্রপতি বলেন, সরকারি অনেক সংস্থা থেকেই জনগণকে স্বচ্ছতা ও আন্তরিকতার সঙ্গে সেবা দেয়া হয়ে থাকে। কিন্তু সেবাপ্রত্যাশীদের মাঝে এ সেবা পাওয়ার ব্যাপারে আস্থাহীনতা কাজ করে। তাই কোন রকম তদবির বা যোগাযোগ ছাড়াই যে সরকারি সেবা পাওয়া যায়, জনমনে সে আস্থা তৈরি করতে হবে। উন্নয়ন প্রকল্প বাছাইয়ে জনস্বার্থকে প্রাধান্য দেয়ার আহ্বান জানিয়ে রাষ্ট্রপতি বলেন, আপনারা জানেন, উন্নয়ন চাহিদার তুলনায় আমাদের সম্পদ সীমিত। তাই পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে অগ্রাধিকার চিহ্নিত করতে হবে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **বণিক বার্তা** (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.১)।

৩। সরকারি চাকরিজীবীদের সেবকের মানসিকতা নিয়ে কাজ করতে হবে :
পাবলিক সার্ভিস দিবসের অনুষ্ঠানে শিল্পমন্ত্রী

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন বলেছেন, শাসক নয়, সরকারি চাকরিজীবীদের সেবকের মানসিকতা নিয়ে কাজ করতে হবে। গতকাল (২৩ জুলাই মঙ্গলবার) শিল্পমন্ত্রণালয়ে জাতীয় পাবলিক সার্ভিস দিবস উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত দিনব্যাপী উদ্ভাবন ও সেবামূলক কর্মকাণ্ডের প্রদর্শনী উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। এ সময় তিনি শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন কারখানাগুলোকে লাভজনক করতে সর্বোচ্চ দক্ষতার সঙ্গে দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশনা দেন। সূত্র : **যুগান্তর** (পৃ.১৭,ক.৬), **সংবাদ** (পৃ.১৩,ক.১)।

৪। ঈদের এক সপ্তাহ আগে সড়ক মেরামতের কাজ শেষ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছেন সেতুমন্ত্রী

সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আসন্ন ঈদুল-আজহার এক সপ্তাহ আগে বন্যায় ক্ষতিগ্রস্ত সড়ক-মহাসড়কসমূহের চলমান জরুরি মেরামত কাজ শেষ করার নির্দেশ দিয়েছেন। গতকাল (২৩ জুলাই মঙ্গলবার) মন্ত্রণালয়ের সভাকক্ষে এক জরুরি সভায় মন্ত্রী সংশ্লিষ্টদের এ নির্দেশনা দেন। এবারও ঈদ যাত্রা স্বস্তিদায়ক হবে বলে এসময় আশাবাদ ব্যক্ত করেন সেতুমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

৫। শেখ হাসিনার নির্দেশ-বন্যাকবলিত একজনও যেন ক্ষুধায় কষ্ট না পায় : মানিকগঞ্জে কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশ বন্যাকবলিত একটি মানুষও যেন ক্ষুধায় কষ্ট না পায়। প্রতিটি বন্যাদুর্গত বাড়িতে প্রয়োজনীয় ত্রাণসামগ্রী পৌঁছে দেয়া হবে। বন্যার সময় যেমন খাদ্যসামগ্রী দেয়া হচ্ছে, তেমনি ক্ষতিগ্রস্ত পরিবারকে পুনর্বাসনে সহযোগিতা করা হবে। গতকাল (২৩ জুলাই মঙ্গলবার) মানিকগঞ্জে বন্যাকবলিতদের ত্রাণ সহায়তা প্রদানকালে মন্ত্রী এসব কথা বলেন। এ সময় তিনি বলেন, বর্তমান সরকার বন্যা ও ভাঙ্গন মোকাবিলায় স্থায়ী পদক্ষেপ গ্রহণ করেছে। কৃষিমন্ত্রী আরও বলেন, বন্যায় সবচেয়ে ক্ষতি হয় কৃষিতে। বন্যা পরবর্তী কৃষি পুনর্বাসন করার জন্য কৃষকদের বিনামূল্যে সার, সরিষার বীজ, ভুট্টার বীজ, আলু বীজসহ বিভিন্ন সবজি বীজ প্রদান করা হবে। এর জন্য ১২০ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

৬। গণপিটুনির ঘটনায় কোনো ছাড় নয় : গণমাধ্যমকে স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, যারা সামাজিক যোগাযোগ মাধ্যমে ছেলেধরা গুজব ছড়িয়ে গণপিটুনির মতো ঘটনা ঘটাচ্ছে তাদের কাউকে কোনো অবস্থায় ছাড় দেওয়া হবে না। ছেলেধরা গুজবে কান না দেওয়ার আহ্বান জানিয়ে মন্ত্রী বলেন, কাউকে সন্দেহ হলে পুলিশের কাছে দিন। পুলিশের সেবা নম্বর ৯৯৯-এ ফোন করে সহযোগিতা নিন। গতকাল (২৩ জুলাই মঙ্গলবার) সচিবালয়ে এক সংবাদসম্মেলনে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী এ সময় জানান, গণপিটুনির মামলার দ্রুত চার্জশিট দেয়া হবে এবং দ্রুত নিষ্পত্তি করা হবে। তিনি বলেন, গুজবের বিরুদ্ধে স্কুল এবং মসজিদ-মাদ্রাসায় সচেতনতামূলক প্রচার চালাতে নির্দেশ দেওয়া হয়েছে। যারা আইন হাতে তুলে নেবে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

৭। যেখানেই অপরাধ হচ্ছে সেখানেই রুখে দেয়ার চেষ্টা হচ্ছে : আইনমন্ত্রী

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, দেশে বিচারবহির্ভূত হত্যার মাত্রা কমেছে। একটাও যাতে বিচার বহির্ভূত হত্যা না হয়, আমরা সে দিকেই অগ্রসর হচ্ছি। নির্যাতন বন্ধে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। ফলে শিক্ষাপ্রতিষ্ঠানসহ বিভিন্ন স্থানে নির্যাতন কমেছে। গতকাল (২৩ জুলাই মঙ্গলবার) রাজধানীর সোনারগাঁও হোটেলে এক আলোচনাসভায় প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন তিনি। যেখানেই অপরাধ হচ্ছে সেখানেই তা রুখে দেয়ার চেষ্টা করা হচ্ছে। ধর্ষণ বা অন্য নির্যাতন বন্ধ করার জন্য সরকার অনেক চেষ্টা করছে। মাদক নির্মূলের জন্যও চেষ্টা করা হচ্ছে। তিনি আরো বলেন, এসিড সন্ত্রাস দমনে যেমন দেশের মানুষ সবাই একত্রিত হয়েছিল তেমনি এসব অপরাধ দমনে সকলের সহযোগিতা প্রয়োজন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮)।

৮। নিজস্ব অর্থায়নে এসডিজি বাস্তবায়ন করতে হবে : নিউইয়র্ক থেকে ফিরে পরিকল্পনামন্ত্রী

টেকসই উন্নয়ন লক্ষ্য (এসডিজি) অর্জনে উন্নয়ন সহযোগীদের অর্থায়ন পাওয়ার আশা নেই। এ কারণে নিজেদের অর্থায়নে এ লক্ষ্য অর্জনে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। তিনি বলেন, সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা (এমডিজি) অর্জনেও উন্নয়ন সহযোগীরা প্রতিশ্রুতি বাস্তবায়ন করেনি। জাতিসংঘের গ্লোবাল পার্টনারশিপ ফর ইফেক্টিভ ডেভেলপমেন্ট কো-অপারেশনের (জিপিইডিসি) বৈঠক শেষে দেশে ফিরে গতকাল (২৩ জুলাই মঙ্গলবার) এক সংবাদসম্মেলনে এসব কথা বলেন পরিকল্পনামন্ত্রী। মন্ত্রী আরও বলেন, উন্নয়ন বাজেটের মাধ্যমে এসডিজি অর্জনে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নে অর্থ ব্যয় করতে হবে। এ জন্য অভ্যন্তরীণ রাজস্ব বাড়াতে হবে। এমডিজিতে বাংলাদেশ সফল হয়েছে, নতুন লক্ষ্য অর্জনও সম্ভব হবে। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪)।

৯। ঈদে ট্রেনের আগাম টিকিট ২৯ জুলাই থেকে : সংবাদসম্মেলনে রেলমন্ত্রী

আসন্ন ঈদুল আজহা উপলক্ষে রেলের আগাম টিকিট ২৯ জুলাই থেকে ২ আগস্ট পর্যন্ত বিক্রি করা হবে। আর ফিরতি আগাম টিকিট বিক্রি ৫ আগস্ট শুরু হয়ে চলবে ৯ আগস্ট পর্যন্ত। গতকাল (২৩ জুলাই মঙ্গলবার) রাজধানীর রেলভবনে ঈদুল আজহা উপলক্ষে রেলওয়ের প্রস্তুতি বিষয়ে এক সংবাদসম্মেলনে রেলপথমন্ত্রী নূরুল ইসলাম সুজন এ কথা জানান। এ সময় মন্ত্রী জানান, একজন ব্যক্তি সর্বোচ্চ চারটি টিকিট কিনতে পারবেন এবং ঈদের আগাম টিকিট ফেরত নেওয়া হবে না। রেলমন্ত্রী আরো বলেন, ঈদের সময় রেলে ভ্রমণের জন্য ভিআইপি নিজে বা তার পরিবারের সদস্য ছাড়া অন্য কারো জন্য সুপারিশ করলে তা রাখা হবে না। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.৩,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৫)।

১০। কৃষকদের ২৪ হাজার কোটি টাকা ঋণ দেবে ব্যাংক : কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ঘোষণা

দেশের ব্যাংকগুলোর কৃষি ও পল্লী ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা বাড়াল বাংলাদেশ ব্যাংক। চলতি অর্থবছরে (২০১৯-২০) ২৪ হাজার ১২৪ কোটি টাকা বিতরণের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে, বিদায়ি অর্থবছরে যা ছিল ২১ হাজার ৮০০ কোটি টাকা। সে হিসাবে এক বছরের ব্যবধানে কৃষি ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা বাড়ল ২ হাজার ৩২৪ কোটি টাকা। তবে ধীরে ধীরে নন ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান বা এনজিওর মাধ্যমে কৃষি ঋণ বিতরণ কমানোর নির্দেশনা দিয়েছে বাংলাদেশ ব্যাংক। গতকাল (২৩ জুলাই মঙ্গলবার) এক সংবাদসম্মলনে কৃষি ঋণ বিতরণের নতুন এ লক্ষ্যমাত্রা ঘোষণা করা হয়। সূত্র : **যুগান্তর** (পৃ.১৫,ক.৬), **সংবাদ** (পৃ.১৪,ক.১)।

১১। ঋণখেলাপিদের বিশেষ সুবিধার প্রজ্ঞাপন কেন বেআইনি নয় : হাইকোর্ট

মোট ঋণের ২ শতাংশ এককালীন জমা দিয়ে ১০ বছরের জন্য ঋণ পুনঃতফসিলের জন্য বাংলাদেশ ব্যাংকের জারি করা প্রজ্ঞাপন কেন বেআইনি ও কর্তৃত্ববহির্ভূত হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আগামী ১০ দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংকসহ সংশ্লিষ্ট বিবাদীদের রুলের জবাব দিতে বলা হয়েছে। গতকাল (২৩ জুলাই মঙ্গলবার) বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি মো. খায়রুল আলমের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন। সূত্র : **যুগান্তর** (শেষ পৃ,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.২)।

=৪=

সম্পাদকীয়

ক. **যায়যায়দিন :** একটি মহল নানা ধরনের বিভ্রান্তিমূলক তথ্য ও গুজব ছড়িয়ে দেশকে অস্থিতিশীল করে তুলতে চাইছে-এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে আইন যেন কেউ নিজের হাতে তুলে না নেয় সেই প্রচার প্রচারণা ও সচেতনতা বাড়ানোর আহ্বান।

খ. **যুগান্তর :** খেলাপি ঋণ আদায় বাড়ানোর উদ্দেশ্যে ১০০ কোটি টাকা ও এর বেশি অঙ্কের ঋণখেলাপিদের বিশেষ তদারকির আওতায় আনার উদ্যোগ নিয়েছে বাংলাদেশ ব্যাংক উল্লেখ করে এ উদ্যোগ যাতে ফলপ্রসূ হয় সেজন্য এর যথাযথ বাস্তবায়নে নজর দেওয়ার সুপারিশ।

গ. **সংবাদ :** সারাদেশে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দায়ের হওয়া প্রায় ৫৬ হাজার মামলার কার্যক্রম আটকে গেছে বলে জানা গেছে। এ মামলাগুলোকে ট্রাইব্যুনালের আওতায় এনে দ্রুত নিস্পত্তির ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইত্তেফাক :** একশ্রেণির অসাধু ব্যবসায়ী দেশে সোডিয়াম সালফেট আমদানি করে সোডিয়াম ক্লোরাইড বা ভোজ্য লবণের সঙ্গে মিশিয়ে বাজারজাত করছে উল্লেখ করে জনস্বাস্থ্য বিবেচনায় নিয়ে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** রাজধানীতে প্রতিদিন প্রায় ৪০০ রোগী ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হচ্ছে উল্লেখ করে এ অবস্থা নিরসনে এডিস মশার প্রজনন বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি সান :** বৃষ্টিপাত কমে আসায় দেশের বন্যা পরিস্থিতির কিছুটা উন্নতি হয়েছে উল্লেখ করে বন্যা পরবর্তী দুর্যোগ মোকাবিলায় যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

সমকাল পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গুজব ও গণপিটুনি মোকাবিলা করা কেবল পুলিশ প্রশাসনের কাজ নয়, বৈরী পরিস্থিতি মোকাবিলায় সর্বস্তরের মানুষকে সতর্ক হতে হবে।

নিবন্ধ ও ফিচার

সংবাদ পত্রিকায় প্রকাশিত **'অটিজম শিশুরা বোঝা নয়, ওরা আমাদেরই সন্তান'** শিরোনামের নিবন্ধে অটিজম আক্রান্ত শিশুদের অবহেলা নয়, কিংবা অনাদর নয়, বরং অটিজম আক্রান্ত শিশুদের জন্য একটি বাসযোগ্য সুন্দর মানবিক পৃথিবী গড়ে তোলার আহ্বান জানানো হয়েছে।

#

ফাহিমা/রিদওয়ান/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা